



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর  
Dinajpur Govt. College, Dinajpur  
www.dgc.edu.bd  
স্থাপিত-১৯৪২



E-Mail: principal@dgc.edu.bd

বিজ্ঞপ্তি নম্বর: ১৩৯

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ  
০১ জুন ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিভাগ/বিষয় পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

সূত্র: স্মারক নং-মাউশিবোদি/কলেজ/নিবন্ধন/২০২২/১৯৯৪(২)

তারিখ: ২৯/০৫/২০২২ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, যারা বিভাগ/বিষয় পরিবর্তনে ইচ্ছুক তাদের ১৫/০৬/২০২২ তারিখের মধ্যে অধ্যক্ষ বরাবর স্বহস্তে লিখিত আবেদন (মোবাইল নম্বরসহ) উচ্চ মাধ্যমিক শাখায় জমা দেয়ার জন্য বলা হলো।

বিভাগ/বিষয় পরিবর্তনের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ভর্তি বিজ্ঞপ্তির প্রাথমিক শর্তাবলি অনুসরণ করা হবে এবং আসন শূন্য থাকা সাপেক্ষে আবেদনকারীদের মধ্যে থেকে মেধাক্রম অনুযায়ী বিভাগ পরিবর্তনের সুযোগ প্রদান করা হবে।

উল্লেখ্য যে, আগামী ১৫/০৬/২০২২ তারিখ বেলা ১১:০০ টায় উচ্চ মাধ্যমিক শাখায় সাক্ষাৎকার গ্রহণ শেষে বিভাগ/বিষয় পরিবর্তনের ফলাফল প্রকাশ করা হবে। বিভাগ/বিষয় পরিবর্তনের জন্য নির্বাচিত ছাত্রছাত্রীদের আগামী ১৯/০৬/২০২২ তারিখ অফিস চলাকালীন বিভাগ/বিষয় পরিবর্তন ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা কলেজের (মূল ক্যাম্পাস) ক্যাশ শাখা থেকে রসিদ সংগ্রহ করে সাউথইস্ট ব্যাংক লিমিটেড-এ জমা দিয়ে জমা রসিদের বিভাগীয় অংশ উচ্চ মাধ্যমিক শাখায় জমা দিতে হবে। অন্যথায় বিভাগ/বিষয় পরিবর্তনের মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

১. বিজ্ঞান (এসএসসি) বিভাগের শিক্ষার্থী মানবিক অথবা ব্যবসায় শিক্ষা বিভাগে (এইচএসসি) যেতে পারবে।
২. মানবিক (এসএসসি) বিভাগের শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা বিভাগে (এইচএসসি) যেতে পারবে।
৩. ব্যবসায় শিক্ষা (এসএসসি) বিভাগের শিক্ষার্থী মানবিক বিভাগে (এইচএসসি) যেতে পারবে।
৪. আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে।
৫. এসএসসি পাসের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
৬. পাসপোর্ট সাইজের ছবি ০১ কপি।
৭. প্রথম ভর্তি রসিদের ফটোকপি।

প্রয়োজনে: জনাব মো. রাকিবুল ইসলাম, সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ (মোবাইল: ০১৭১৮৮২৩৯৫৮),  
জনাব মোছা: জিনাত রেহানা, প্রভাষক, ইংরেজি বিভাগ (মোবাইল: ০১৭২৫৭৪২৬৪৭)।

প্রতি স্বাক্ষর

(প্রফেসর মো. আবু বাকর সিদ্দিক)

অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

(মো. রাকিবুল ইসলাম)

আহ্বায়ক

একাদশ শ্রেণি ভর্তি কমিটি ২০২১-২০২২

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

তারিখ:

স্মারক নম্বর:

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।
- ২। তত্ত্বাবধায়ক, উচ্চ মাধ্যমিক শাখা, অত্র কলেজ।
- ৩। অফিস নথি।